

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক পর্যায়ে রাখার জন্য উপজেলা পর্যায়ে গঠিত টাঙ্কফোর্সের কার্যবিবরণী।

সভাপতি : মোঃ লিয়াকত আলী সেখ, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

স্থান : 'বড়াল' সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর।

তারিখ : ০৮.০৫.২০১৭ খ্রিঃ।

সময় : সকাল:১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট "ক"

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক এবং মূল্য পরিস্থিতি যৌক্তিক পর্যায়ে রাখার বিষয়ে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	পণ্যের যৌক্তিক মূল্য ও গুণগত মান সংক্রান্ত।	নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় ও স্বাভাবিক রেখে ভোক্তা-সাধারণের কাছে পৌঁছে দেয়া সংক্রান্ত সরকারি নির্দেশনা অনুসরণের বিষয়ে সভাপতি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট জানতে চাইলে তিনি জানান যে, নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় ও স্বাভাবিক রেখে ভোক্তা-সাধারণের কাছে পৌঁছে দেয়া সংক্রান্ত সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণের পাশাপাশি নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্যের পরিবেশক/পাইকারী ব্যবসায়ীগণকে সকল পণ্য বিক্রয়ের বিপরীতে পাকা রসিদ প্রদানে উদ্বুদ্ধকরণ অব্যাহত রয়েছে।	নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্যের প্রত্যেক পরিবেশক/পাইকারী ব্যবসায়ীগণকে সকল পণ্য বিক্রয়ের বিপরীতে পাকা রসিদ প্রদানে উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখতে হবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সহ সংশ্লিষ্ট সকল।
২	নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বাজার দর সংক্রান্ত।	আলোচনাকালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, চাল মোটা ২৭-৩৮/-টাকা, মাঝারি ৩৫-৪০/-টাকা, চিকন ৪২-৪৫/-টাকা, আটা প্যাকেট ৩২-৩৬/-টাকা, আটা লুজ ২৮-৩০/-টাকা, সয়াবিন তেল লুজ ৮১-৯৫/-টাকা, সয়াবিন তৈল প্যাকেট ৮০-৯৫/-টাকা, ডাল ৮০-১০০/-টাকা, চিনি- ৪১-৪২/-টাকা দরে বিক্রয় হচ্ছে। সভাপতি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট মাংস ও ডিমের বাজার সম্পর্কে জানতে চাইলে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, দুধ প্রতি লিটার ৩৫-৪০/-টাকা, ডিম প্রতি হালি ২৮-৩০/- টাকা, গরুর মাংস প্রতি কেজি ৪৪০-৪৫০/-টাকা, মহিষের মাংস প্রতি কেজি ৪৫০-৪৬০/-টাকা, খাসীর মাংস প্রতি কেজি ৬৫০-৭০০/-টাকা, ভেড়ার মাংস প্রতি কেজি ৬৫০-৭০০/-টাকা, দেশী মুরগী প্রতি কেজি ৩০০-৩২০/-টাকা,	(১) নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার নিয়মিত মনিটর করার জন্য এবং সভাপতি বরাবর প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। (২) পোল্ট্রি ও মৎস্য খামারে মাছ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট খামারীদের পরামর্শ প্রদান অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা।

		ব্রয়লার মুরগী ১৫০-১৬০/-টাকা, হাঁস ১৫০-১৬০/-টাকা দরে বিক্রি হচ্ছে। বাজারে মাংস, মুরগী ও ডিমের সরবরাহ স্বাভাবিক রয়েছে এবং দামও স্থিতিশীল রয়েছে। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান মাছের সরবরাহ স্বাভাবিক এবং দাম সহনীয় রয়েছে।		
৩	হাট-বাজারে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন সংক্রান্ত।	ব্যবসায়ীগণ কর্তৃক বিভিন্ন পণ্যের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে সঠিকভাবে প্রদর্শনের বিষয়ে সভাপতি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট জানতে চাইলে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হাট ও বাজার সমূহে ব্যবসায়ীগণ বিভিন্ন পণ্যের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে যথাযথভাবে প্রদর্শন করছেন। সভাপতি জানান যে, বড় বড় ব্যবসায়ীগণকে অবশ্যই নিত্যপ্রয়োজনীয় বিক্রিতব্য পণ্যের খুচরা মূল্য তাদের প্রতিষ্ঠানের/বিক্রয়ের স্থানে প্রদর্শন করতে হবে। এ বিষয়ে সরকারি নির্দেশনা মেনে চলার জন্য তাদের উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখতে হবে।	উপজেলার বিভিন্ন বাজারের বড় ব্যবসায়ীগণ যাতে দৃশ্যমান স্থানে সঠিকভাবে মূল্য তালিকা প্রদর্শন করেন সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সহ সংশ্লিষ্ট সকল।
৪	বিবিধ	মাছ ও ফলমূলে ক্ষতিকারক দ্রব্যের মিশ্রন রোধে ড্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মাছ ও ফলমূলে ক্ষতিকারক দ্রব্যের মিশ্রন রোধে ড্রাম্যমান আদালত পরিচালনার জন্য সভাপতি অনুরোধ করা হলো।	সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ লিয়াকত আলী সেখ)

উপজেলা নির্বাহী অফিসার

বাগাতিপাড়া, নাটোর

দূরভাষ: ০৭৭২২-৭২০০১

ই-মেইল-unobagatipara@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগতিপাড়া, নাটোর
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং-০৫.৫০.৬৯০৯.০০০.০৯.০১৩.১৩-৪২৭(১৬)

তারিখ : ০৮-০৫-২০১৭ খ্রি :

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। নেজারত ডেপুটি কালেক্টর, নাটোর।
- ৩। উপজেলা ----- অফিসার, বাগতিপাড়া, নাটোর।
- ৪। জনাব ----- বাগতিপাড়া, নাটোর।

(মোঃ লিয়াকত আলী সেখ)
উপজেলা নির্বাহী অফিসার
বাগতিপাড়া, নাটোর
দূরভাষ: ০৭৭২২-৭২০০১

ই-মেইল:unobagatipara@mona.gov.bd